পরশুরাম উপজেলা পরিষদ
পরশুরাম, ফেনী

**মে, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ জনাব কামাল উদ্দিন মজুমদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী
সভার স্থান ঃ উপজেলা পরিষদ খোকা মিয়া মিলনায়তন
তারিখ ও সময় ঃ ২৬ মে ২০২২, দুপুর ১২:৩০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক' ও খ'তে সংযোজন করা হলো

সভাপতি প্রারম্ভে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। উপজেলার সকল সরকারি দপ্তরের বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ড বিষয়ে আলোচনা করেন এবং সরকারি নির্দেশনা মোতাবেক সঠিকভাবে বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। আলোচ্য সভায় দপ্তর ভিত্তিক কর্মকান্ড সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | দপ্তর/ বিভাগ | আলোচনা, সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সকল সদস্যের সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। |
| ১ | স্বাস্থ্য অফিস | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান, এপ্রিল/২০২২ খ্রিঃ মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হাসপাতাল ও মাঠ পর্যায়ের বিভিন্ন বিভাগ/ইউনিটের কাজের অগ্রগতি যথাক্রমেঃ ১। ইপিআই ঃ মোট টিকা প্রাপ্ত শিশুর সংখ্যা ১১৯৪জন এবং টিকা প্রাপ্ত মহিলার সংখ্যা ৪৫৮ জন ২। কমিউনিটি ক্লিনিক ঃ পরশুরাম উপজেলাধীন ০৩টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় চালুকৃত ১২টি কমিউনিটি ক্লিনিকে মোট ৩৮৭৫ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে ৩। জরুরি বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৭০০জন ৪। বহিঃ বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৬০৬২জন ৫। আন্তঃ বিভাগ ঃ ভর্তিকৃত রোগীর সংখ্যা ৪৮৬জন ৬। বেড অকুপেন্সি রেট ঃ শয্যা সংখ্যা ৫০%, বেড অকুপেন্সি রেট ৮৩% ৭। নরমাল ডেলিভারির সংখ্যা ঃ ৩৯টি ৮। এ,আর, আই রোগীর সংখ্যা ৩৩৩ টি ০৯। জখমী সনদ প্রদান ১৫টি ১০। মাইনর অপারেশনের সংখ্যা ২৫৪ টি ১১। ডিএন্ডসি সেবা ০৩ জন ১২। উপ-স্বাস্থ্য কেন্দ্রসমূহে রোগীর সংখ্যা ৮৩২জন ১৩। ডায়রিয়া রোগীর সংখ্যা ৩৩৭ জন ১৪। প্যাথলজিক্যাল পরীক্ষা নিরীক্ষার সংখ্যা ২৮৪জন ১৫। ইসিজি পরীক্ষার সংখ্যা ঃ ৪৬টি ১৬। এপ্রিল/২০২২ খ্রিঃ মাসে এ্যাম্বুলেন্সে রোগী পরিবহন এবং ইউজার ফি আদায় বাবদ মোট ৩৬,৯৮৪/- (ছয়ত্রিশ হাজার নয়শত চুরাশি) টাকা মাত্র সরকারি কোষাগারে জমা করা হয়েছে।<br><br><u>করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্তঃ</u> করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রমে সরকার কর্তৃক ঘোষিত ও নির্দেশিত সকল কার্যক্রম বাস্তবায়নে পরশুরাম উপজেলা স্বাস্থ্য বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। এই পর্যন্ত অত্র উপজেলা হতে ৫৫১৯ জনের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে ৫৪০৬ জনের পরীক্ষার ফলাফল পাওয়া গেছে। উক্ত ফলাফলে স্বাস্থ্য বিভাগে কর্মরত ১৪ জনসহ মোট ১১৯০ জনের পজিটিভ রিপোর্ট পাওয়া গেছে। সংক্রমনকৃত রোগীদেরকে জাতীয় গাইডলাইন ও নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করা হচ্ছে। ইতিমধ্যে স্বাস্থ্য বিভাগের ১৪ জনসহ মোট ১১৮৩ জন সুস্থ হয়েছে, ০৭ জন মৃত্যুবরন করেছেন।<br><br><u>কোভিড-১৯ ভ্যাকসিনেশান কার্যক্রমঃ</u> কোভিড-১৯, প্রতিরোধে সাইনোফার্মা/সিনোবেক ১ম ও ২য় ডোজ চলছে ২য় ডোজ প্রাপ্তির ৪ মাস পূর্ণ হলে মেসেজ প্রাপ্তি স্বাপেক্ষে ৩য় ডোজ মর্ডানা/ফাইজার টিকা প্রদান চলছে এবং ইউনিয়ন পরিষদের কেন্দ্রসহ সকল কমিউনিটি ক্লিনিকে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় বিভিন্ন সময়ে গনটিকা অনুষ্ঠিত হচ্ছে। এযাবত ৮০৭৯৫ জনকে ১ম ডোজ ৭৩৮২১ জনকে ২য় ডোজ এবং ১১৬৯৪ জনকে ৩য় ডোজ টিকা প্রদান করা হয়েছে। পরশুরাম উপজেলা কোভিড-১৯ টিকা প্রদানের হার ৬৮%। সকলকে কোভিড-১৯ টিকা গ্রহণ নিশ্চিত করার জন্য স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ করা হয়।<br><br>**জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন পালন সংক্রান্ত ঃ** ০৪-০৭ জুন ২০২২খ্রিঃ জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হতে যাচ্ছে। অত্র উপজেলার ৩টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় মোট ১০৩ টি টিকা কেন্দ্রে উপস্থিতির মাধ্যমে ৬-১১ মাস বয়সী সকল শিশুকে ১টি করে নীল রঙের ভিটামিন-এ ক্যাপসুল এবং ১২-৫৯ মাস বয়সী সকল শিশুকে ১টি করে লাল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। উক্ত কর্মসূচী সকলের অবগতির জন্য বাড়ি বাড়ি আইপিসি, মসজিদ বার্তা ও মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারনা চালানো হচ্ছে, জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন সফল বাস্তবায়নের লক্ষে স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়। এই জাতীয় কর্মসূচীকে যে কোন প্রকার গুজবের নেতিবাচক প্রভাব মুক্ত রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। |

| | | |
|---|---|---|
| ২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় ০৩টি প্যাকেজ ও উন্নয়ন জমা খাতের আওতায় ০৩টি প্যাকেজসহ মোট ০৬টি প্যাকেজ কাজটি বাস্তবায়নের জন্য E-tender পদ্ধতিতে দরপত্র আহবান করা হয় এবং আরো জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ হতে ০৯ মে ২০২২খ্রিঃ তারিখ ২৫২ স্মারকের আদেশে ২০২১-২২ অর্থ বছরে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন বাসা বাড়ি মেরামত এর জন্য মোট = ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। সময়ের স্বল্পতার জন্য দরপত্র আহবান করা সম্ভব নয় বলে কোটেশন এর মাধ্যমে বাস্তবায়ন করা যায়। তাছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।<br><br>বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী, পরশুরাম, ফেনী। |
| ৩ | কৃষি অফিস | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, যে বোরো আবাদ লক্ষ্য মাত্রা ও অর্জনঃ ৩২৭০.০ হেঃ, অর্জিত ৩৩০০.০ হেঃ, আউশ প্রনোদনা ২০২১-২২ পরশুরাম উপজেলার জন্য ৬২০ জন বা ৬২০ বিঘার জন্য বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ অনুযায়ী পৌরসভায় ১৪০ জন, চিথলিয়া ইউনিয়নে ১৬০ জন, মির্জানগর ইউনিয়নে ১৬০ জন ও বক্সমাহমুদ ইউনিয়নে ১৬০ জন বিভাজন দেওয়া হয়েছে। বিভাজন অনুযায়ী বিতরণ করা হয়েছে। বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রম চলমান। রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক।<br>বাস্তবায়নেঃ উপজেলা কৃষি কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৪ | প্রানিসম্পদ অফিস | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সভায় জানান, মে/২০২২ খ্রিঃ মাসে প্রানিসম্পদ বিভাগীয় সম্প্রসারণ কার্যক্রম যথাক্রমেঃ গবাদি পশুর চিকিৎসা- ১৩৬৫ টি, হাঁস-মুরগীর চিকিৎসা- ৬৪৯৫ টি, কৃত্রিম প্রজনন-৮১টি, দুধ উৎপাদন ৬৬২ মেঃ টন, মাংস উৎপাদন-৩৪১ মেঃ টন, হাঁস-মুরগীর ডিম উৎপাদন- ৯.৫০ লক্ষ। গবাদি পশুর টিকা প্রদান-৫৬০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৪৮১০০ মাত্রা। এছাড়াও উপজেলা প্রানিসম্পদ অফিসার জানান, পার্শ্ববর্তী বর্ডার দিয়ে, যাতে কোন প্রকার গবাদিপশু প্রবেশ করতে না পারে সে জন্য বিজিবি ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সতর্ক থাকার জন্য অনুরোধ জানান।<br>বাস্তবায়নেঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা। |
| ৫ | সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ৬ | খাদ্য নিয়ন্ত্রণ অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ৭ | মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মোবাইল কোর্ট পরিচালনা ও মৎস্য চাষি র‍্যালি করা হয়। পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান এবং হাট-বাজার পরিদর্শনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৮ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, সমবায় বিভাগের সমবায় সমিতির অডিট, পরিদর্শন, তদারকী, সমিতির গঠনের জন্য নার্সিং সরকারি রাজস্ব আদায় ও বাউরখুমা আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম অব্যাহত আছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা সমবায় কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৯ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বঙ্গবন্ধু সৃজনশীল ও জাতীয় শিক্ষা সপ্তাহ উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানের বরাদ্দ না আসায় বিজয়ীদের পুরষ্কার প্রদান করা সম্ভব হয় নাই। উল্লেখ্য যে, জাতীয় শিক্ষা সপ্তাহ জেলা পর্যায়ে পরশুরাম উপজেলা থেকে ৫টি বিষয়ে ৫জন বিজয়ী হয়েছে। মাধ্যমিক শিক্ষা অফিসার আরো জানান যে, আগামী ১৯ জুন ২০২২খ্রিঃ তারিখ হতে এসএসসি/সমমান পরীক্ষা শুরু হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত করার জন্য সবার সহযোগিতা কামনা করেন। তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br><br>বাস্তবায়নেঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ১০ | প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, পরশুরাম উপজেলায় ৫১টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে এবং প্রতিটি বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম নিয়মিত চলমান আছে। অত্র উপজেলায় কর্মরত একজন সহকারী উপজেলা শিক্ষা অফিসার এবং আমি উপজেলা শিক্ষা অফিসার বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ১১ | বিআরডিবি অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১। সদস্য ভর্তি মাসে ০৫ জন বছরে ২৩৯ জন সর্বমোট ২৫৭৮ জন ২। সমিতি/দল গঠন মাসে ০টি বছরে ০৫টি সর্বমোট ২২৪টি ৩। প্রশিক্ষন মাসে ০ বছরে ৮০ জন সর্বমোট ৮৪০ জন ৪। প্রাথমিক সমিতি অডিট মাসে ১২টি বছরে ৬৭টি সর্বমোট ১২৮৮টি ৫। সঞ্চয় আদায় মাসে ০.৬০ বছরে ১৪.০০ সর্বমোট ৯০.০৪ ৬। শেয়ার আদায় মাসে ০.০৬ বছরে ০.৮৫ সর্বমোট ১২.৩৯ ৭। ঋণ বিতরণ মাসে ২.৩০ বছরে ২২৯.১৭ সর্বমোট ৫০১৯.৩৪, ৮। ঋণ আদায় মাসে ১০.৬৬ বছরে ২৫৯.৩৮ সর্বমোট ৪৭০৬.০৩। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ও সন্তোষজনক।<br><br>বাস্তবায়নেঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |

| | | |
|---|---|---|
| ১২ | প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে প্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় (১ম পর্যায়) বরাদ্দকৃত নগদ অর্থ দ্বারা বাস্তবায়নাধীন প্রকল্পের উপজেলা ভিত্তিক অগ্রগতির কার্যক্রম চলমান। এছাড়া তার কার্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম স্বাভাবিক। |
| ১৩ | শিশু বিষয়ক বিভাগ | উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৪ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, যুব ঋণ প্রদান: বর্তমান অর্থবছরের মে ২০২২ পর্যন্ত যুব প্রশিক্ষণ প্রাপ্ত ও আত্মকর্মী যুবদের মধ্যে সর্বমোট ঋণ বিতরণ করা হয়েছে ১৪,৪০,০০০/- টাকা। ঋণ আদায়ের হার ৯৫%। প্রশিক্ষণ: বর্তমান ২০২১-২০২২ অর্থবছরের ১৪ ব্যাচে মোট ৪২০ জন যুব/যুব মহিলাকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৫ | আনসার ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৬ | রেঞ্জ অফিস | উপজেলা রেঞ্জ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয় নাই। ফলে সভায় আন্তরিক দুঃখ প্রকাশ করা হয়। |
| ১৭ | মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় সংক্রান্ত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম: মে ২০২২ ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয় নাই। পূর্বের বিতরণ কৃত ঋণ নিয়মিত আদায় করা হয়েছে। ভিজিডি কর্মসূচীর: মে ২০২২ মাসে পরশুরাম উপজেলার ৩টি ইউনিয়ন পরিষদ হতে নির্বাচিত ৭৬৩ জন ভিজিডি উপকার ভোগীদের ৩০ কেজি হারে চাউল বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। দরিদ্রতার জন্য মাতৃত্ব কাল ভাতা কার্যক্রম: মে ২০২২ মাসে দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা ভোগী নির্বাচনের কোন নির্দেশনা পাওয়া যায় নি। কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচী: মে ২০২২ মাসে কর্মজীবীর ল্যাকটেটিং মাদার সহায়তা উপকার ভোগী নির্বাচনের নির্দেশনা পাওয়া যায় নি। নারী ও শিশু নির্যান, বাল্য বিবাহ প্রতিরোধ কর্মসূচী: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে নারী নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। আইজিএ প্রশিক্ষণ প্রকল্প: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার আওতাধীন আইজিএ প্রশিক্ষণ প্রকল্পে ২টি ট্রেডে ১০০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প: পরশুরাম উপজেলায় ৩টি ইউনিয়নের ৩টি ক্লাব ও পৌরসভায় ১টি ক্লাব মোট ৪টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান আছে। তাছাড়া কার্যালয়ের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। |
| ১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক, পরশুরাম শাখা | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, মাসিক সঞ্চয় আদায় ১৭১.৭৬ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় ১২৯৮.৬৯ লক্ষ টাকা। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নে: ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আমার বাড়ী আমার খামার। |
| ১৯ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, এপ্রিল/২০২২ খ্রিঃ মাসে উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা ২০৬৪৮জন। মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ১৫৭০৫ জন। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর) ৭৬.০৬% স্থায়ী পদ্ধতি ০৫ জন, দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইমপ্ল্যান্ট ১৯ জন, আইইউডি ১৩ জন। অস্থায়ী পদ্ধতি গ্রহণকারীর মধ্যে ইনজেকশন ২৩ জন, খাবার বড়ি ৪৪ জন এবং কনডম ১৭ জন। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের মধ্যে প্রাতিষ্ঠানিক সেবা ৪০ জন, গর্ভবতী মায়ের সেবা ১৬৩ জন, প্রসব পরবর্তী সেবা ৮৩ জন এবং নবজাতকের সেবা ৭৯ জন। ০৪ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ১৯টি স্যাটেলাইট ক্লিনিকে মাঠ কর্মীদের বাড়ি পরিদর্শনের মাধ্যমে উক্ত সেবা প্রদান করা হয়, তাছাড়া কোভিড-১৯ পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, বাল্য বিবাহ এবং পুষ্টি বিষয়ে জনগণকে অধিকতর সচেতন করা হয়।<br>বাস্তবায়নে: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ২০ | পল্লীবিদ্যুৎ | · ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয় নাই। ফলে সভায় আন্তরিক দুঃখ প্রকাশ করা হয়। |
| ২১ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, পৌরসভায় পানি সরবরাহের কাজ এবং ওয়াটার হেড টাংকির কাজ চলমান। সমগ্র বাংলাদেশ নিরাপদ পানি সরবরাহ ১ম পর্বের নলকূপ স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। ২০২২-২০২১ অর্থ বছরে সমগ্র বাংলাদেশ নিরাপদ পানি সরবরাহ ২য় পর্বের বরাদ্দকৃত নলকূপের স্থান তালিকা চূড়ান্ত হয়েছে। এক মাসের মধ্যে নলকূপ স্থাপনের কাজ আরম্ভ হবে। জলবায়ু প্রকল্পের আওতায় নলকূপ স্থাপনের কাজ সমাপ্ত হইয়াছে। তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ২২ | উপজেলা পরিষদের জীপ গাড়ী সংক্রান্ত | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে বিগত ২৭/০৪/২০১০ খ্রিঃ তারিখ ১১৯নং স্মারকের আদেশে ফেনী জেলাধীন পরশুরাম উপজেলা পরিষদের চেয়ারম্যান অনুকূলে একটি পাজেরো গাড়ী প্রদান করা হয়। প্রদানের পর হতে গাড়ীটি জেলা পর্যায়ে বিভিন্ন সভা অনুষ্ঠানে অংশগ্রহণ, উপজেলার বিভিন্ন এলাকায় সরকারি উন্নয়ন মূলক প্রকল্প পরিদর্শন, বন্য কবলিত এলাকা ও অন্যান্য জরুরী সরকারি কাজে গাড়ী প্রতি নিয়ত ব্যবহার করা হচ্ছে। বর্তমানে গাড়ীটির বয়স প্রায় ১৩ বছর। ফলে বিভিন্ন সময়ে চলন্ত অবস্থায় বিকল হয়ে পড়ে এবং তাৎক্ষনিক বিভিন্ন যন্ত্রাংশ মেরামত ও সংযোজন করে সচল করা হয়। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বরাবর নতুন জীপ গাড়ী সরবরাহের বিষয়ে অবহিত করা যেতে পারে। |

| | | |
|---|---|---|
| ২৩ | বিবিধ | (১) উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন (করতোয়া ভবন) এর ভিতরের রং করণের কাজ, ০২ (দুই) বাথ রুম, রান্না ঘরের জানালা মেরামত, দোতলায় দক্ষিণ পাশের বারান্দার সিলিং, নিচ তলার উত্তর পাশের বারান্দাসহ বাসার ভিতরের পানি নিষ্কাষনের ড্রেন মেরামত ও সংস্কার কাজ, ওয়ারিং কাজসহ অন্যান্য কাজ সম্পন্ন করে উপজেলা প্রকৌশলী, পরশুরাম, ফেনী কর্তৃক ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয়। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহারের নির্দেশিকার নিদের্শনা অনুযায়ী বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পরশুরাম, ফেনী এর অফিসের আইপি এসের ব্যাটারী ব্যবহারে অনুপযোগী হাওয়ায় নতুন একটি ব্যাটারী ক্রয় করা হয়েছে। যার ক্রয় মূল্য ২০,৩০০/- (বিশ হাজার তিনশত) টাকা (ভ্যাট আয়করসহ) এবং উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের জন্য হাতাওয়ালা কুচন চেয়ার একটি (হাতিল) ক্রয় করা হয়। যার ক্রয় মূল্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা (ভ্যাট আয়করসহ)। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহারের নির্দেশিকার নিদের্শনা অনুযায়ী পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। |

কামাল উদ্দিন মজুমদার
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
পরশুরাম, ফেনী

স্মারক নং- ০৫.২০.৩০৫১.০০১.১৮.০০৫.২১- ৪৮৭

১৬ জ্যৈষ্ঠ ১৪২৯
৩০ মে ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ফেনী-১
০২। সচিব, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। পরিচালক, ত্রাণ অধিদপ্তর, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৭। জেলা প্রশাসক, ফেনী
০৮। উপ-সচিব (উপজেলা শাখা), পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি, ঢাকা
১০। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফেনী
১১। জেলা ত্রাণ কর্মকর্তা, ফেনী
১২। ...........................................................পরশুরাম, ফেনী
১৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, পরশুরাম উপজেলা পরিষদ, ফেনী
১৪। অফিস কপি

সৈয়দা শমসাদ বেগম
উপজেলা নির্বাহী অফিসার
পরশুরাম, ফেনী

## জনপ্রতিনিধি বৃন্দ
## মে - ২২

| | | |
|---|---|---|
| 01 | জনাব শিরিন আক্তার<br>মাননীয় সংসদ সদস্য ফেনী-১ | |
| 02 | জনাব কামাল উদ্দিন মজুমদার<br>চেয়ারম্যান উপজেলা পরিষদ | [signature] |
| 03 | জনাব নিজাম উদ্দিন আহমেদ চৌধুরী<br>মেয়র পরশুরাম পৌরসভা | [signature] |
| 04 | জনাব এনামুল করিম মজুমদার<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | [signature] |
| 05 | জনাব মাসুদুন নাহার<br>মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | মাসুদুন নাহার 2.6 |
| 06 | জনাব নুরুজ্জামান (ভুট্টু)<br>চেয়ারম্যান ০১নং মির্জানগর ইউ.পি. | [signature] |
| 07 | জনাব জসিম উদ্দিন<br>চেয়ারম্যান ০৩নং চিথলিয়া ইউ.পি. | [signature] |
| 08 | জনাব আবদুল জাহের<br>চেয়ারম্যান ০৪নং বক্সমাহমুদ ইউ.পি. | [signature] |
| 09 | জনাব রাহেলা আক্তার<br>সংরক্ষিত মহিলা সদস্য | Rah 26.05.2 |

# কর্মকর্তা বৃন্দ

০১ জনাব সৈয়দা [illegible] হোসেন
উপজেলা নির্বাহী অফিসার পরশুরাম, ফেনী.

০২ উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা
পরশুরাম, ফেনী.

০৩ উপজেলা কৃষি কর্মকর্তা
পরশুরাম, ফেনী.

০৪ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা
পরশুরাম, ফেনী.

০৫ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা
পরশুরাম, ফেনী.

০৬ উপজেলা প্রকৌশলী (LGED)
পরশুরাম, ফেনী

০৭ উপজেলা মাধ্যমিক কর্মকর্তা
পরশুরাম, ফেনী.

০৮ উপজেলা শিক্ষা কর্মকর্তা
পরশুরাম, ফেনী.

০৯ উপজেলা মৎস্য কর্মকর্তা
পরশুরাম, ফেনী.

১০ উপজেলা সমবায় কর্মকর্তা
পরশুরাম, ফেনী.

| | | |
|---|---|---|
| ১১ | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. | |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>পরশুরাম ফেনী, | [signature] |
| ১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>পরশুরাম. ফেনী. | [signature] |
| ১৪ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>পরশুরাম. ফেনী, | [signature] |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>পরশুরাম ফেনী . | [signature] |
| ১৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>পরশুরাম. ফেনী. | [signature] |
| ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. | [signature] |
| ১৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. | [signature] |
| ১৯ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক<br>পরশুরাম. ফেনী, | [signature] |
| ২০ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী | [signature] 26.05.22 |

| | | |
|---|---|---|
| ০১ | থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>পরশুরাম মডেল থানা | [illegible] |
| ০২ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী। | |
| ০৩ | উপজেলা নির্বাচন কর্মকর্তা<br>পরশুরাম-ফেনী। | |
| ০৪ | ডি.জি.এম. পল্লী বিদ্যুৎ<br>পরশুরাম, ফেনী। | |
| ০৫ | উপজেলা মহিলা-বিষয়ক কর্মকর্তা<br>পরশুরাম ফেনী। | 26/5/2022 |
| ০৬ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা<br>পরশুরাম ফেনী। | 24/5/2022 |
| ০৭ | সহকারী প্রোগ্রামার আই.সি.টি<br>পরশুরাম, ফেনী। | 26.05.2022 |
| ০৮ | ফিল্ড সুপার [illegible] ইসলামিয়া ফাজিল মাদ্রাসা<br>পরশুরাম-ফেনী। | |
| ০৯ | উপজেলা সেটেলমেন্ট কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী। | |